দৈনিক বাংলা

46

তারিখ 28 JAN 1996

পৃষ্ঠা ৫ কলাম ৭

# শিক্ষা মন্ত্রণালয়ের নিয়োগবিধি

২৩-০১-৯৬ তারিখের দৈনিক বাংলার 'জনমত' কলামে "স্কুল-কলেজের নতুন নিয়োগবিধি বাতিল করা হোক" শিরোনামে প্রকাশিত লেখকের বক্তব্যের সাথে একমত হয়ে বলতে চাই, শিক্ষা জীবনের সর্বক্ষেত্রে দ্বিতীয় বিভাগ/শ্রেণী যদি গ্রহণযোগ্য হয় তবে কলেজ বা বিশ্ববিদ্যালয়ে ৩য় বিভাগ/শ্রেণীপ্রাপ্তদের বেলায় তা হবে না কেন? কেন তাদের ভর্তির সুযোগ দিয়ে উচ্চ শিক্ষা গ্রহণ করতে দেয়া হয়? বেকারত্ব এদেশের একটি জাতীয় সমস্যা। যারা কোন একটি ক্ষেত্রে তৃতীয় বিভাগ/শ্রেণী নিয়ে উচ্চ শিক্ষা সম্পন্ন করেছে বা করছে তারা কি বেকারই থাকবে? সরকারী কর্তৃপক্ষ যদি এরূপ বিমাতাসুলভ আচরণ করেন তবে বেসরকারী সংস্থাগুলো ভিন্নরূপ আচরণ করবে কি?

শিক্ষা মন্ত্রণালয়ের নতুন নিয়োগ-বিধিতে বিভাগ/শ্রেণীকে গুরুত্ব না দিয়ে পয়েন্টকে গুরুত্ব দিলে বিধিটি যুক্তিসঙ্গত ও পূর্ণাঙ্গ হতো মনে করি। একটি উদাহরণ দিলে ব্যাপারটি পরিষ্কার হবে। শিক্ষামন্ত্রণালয় চাচ্ছেন, এসএসসি থেকে মাস্টার্স পর্যন্ত সকল ক্ষেত্রে দ্বিতীয় বিভাগ/শ্রেণী অর্থাৎ পয়েন্ট দাঁড়াচ্ছে তাহলে ন্যূনতম ২+২+২+২=৮। পক্ষান্তরে কারো শিক্ষাজীবনের ফলাফলের পয়েন্ট বিন্যাস যদি হয় ২+৩+১+২=৮ বা ৩+৩+১+২=৯ কিংবা ৩+২+১+৩=৯ বা ৩+২+১+২=৮। তাহলে প্রথম পয়েন্টধারীর চেয়ে দ্বিতীয় পয়েন্টধারীকে কি কম মেধাসম্পন্ন বলা যাবে? এ প্রশ্ন থেকেই যায়। তাই শিক্ষা মন্ত্রণালয়ের নতুন নিয়োগবিধিটি পুনর্বিবেচনা করা হোক, এটাই কর্তৃপক্ষের কাছে আমাদের আবেদন।

শেখ মিজানুর রহমান
সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট
ও
মোঃ সাইফুল আলম
ভাষাতত্ত্ব বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়।